

Office of the Registrar

Jagannath University

Dhaka-1100, Bangladesh

Phone : (+880-2) 9534255, 41051746

E-mail : registrar@jnu.ac.bd



রেজিস্ট্রার দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ঢাকা-১১০০, বাংলাদেশ

ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫, ৪১০৫১৭৪৬

ই-মেইল: registrar@jnu.ac.bd

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/৯০৩

তারিখ: ০৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

পরিচালক/চেয়ারম্যান,

.....ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

বিষয়: 'ইউজিসি স্বর্ণপদক ২০২৩' এর জন্য দরখাস্ত আহ্বান।

সূত্র: নং-৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১০৫৮, তারিখ: ০৫/১১/২০২৪ খ্রি.


মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে প্রাপ্ত পত্রের আলোকে 'ইউজিসি স্বর্ণপদক ২০২৩' এর জন্য দরখাস্ত আহ্বান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

ক্রম	বিষয়	বিবরণ	ঠিকানা	মন্তব্য
১.	'ইউজিসি স্বর্ণপদক ২০২৩' এর জন্য দরখাস্ত আহ্বান	দেশের বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ ও পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তকের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর 'ইউজিসি স্বর্ণপদক' প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২৩ সালে প্রকাশিত (১লা জানুয়ারি-৩১শে ডিসেম্বর ২০২৩) মৌলিক গবেষণামূলক প্রকাশনার নিমিত্ত 'ইউজিসি স্বর্ণপদক' প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। উল্লেখ্য, আগ্রহী শিক্ষকগণকে আগামী ২৪/১২/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, ইউজিসি বরাবর পৌঁছাতে হবে।	নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইট www.ugc.gov.bd -এর সম্মাননা সেবাবক্সে পাওয়া যাবে।	আবেদনের সময়সীমা আগামী ০৫ নভেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত

উল্লেখিত বিষয়টি সকল শিক্ষকের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

তারিখ: ০৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/৯০৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১-২. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস, জবি;
- ৩-৪০. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪১. পরিচালক, আইসিটি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
৪২. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৪৩. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৪৪. নোটিশ বোর্ড, জবি;
৪৫. সংশ্লিষ্ট নথি/অফিস কপি।


(মোঃ শহীদুল্লাহ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)